

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১০১৯

১/ বিবিধ

আরবী

من كشف خمار امرأة ونظر إليها فقد وجب الصداق، دخل بها أولم يدخل بها
ضعيف

أخرجه الدارقطني في " سننه " (419) من طريق ابن لهيعة: أخبرنا أبو الأسود عن
محمد بن عبد الرحمن بن ثوبان قال: قال رسول الله صلى الله عليه وسلم
فذكره

قلت: وهذا سند ضعيف، لإرساله، ولضعف ابن لهيعة، ومن طريقه علقه البيهقي
(7/256) وقال

وهذا منقطع، وبعض رواته غير محتج به
يعني ابن لهيعة، لكن قد أخرجه هو من طريق عبد الله بن صالح: حدثني الليث
حدثني عبيد الله بن أبي جعفر عن صفوان بن سليم عن عبد الله بن يزيد عن محمد
بن ثوبان بلفظ

من كشف امرأة فنظر إلى عورتها فقد وجب الصداق
وهذا سند رجاله كلهم ثقات رجال الشيخين غير عبد الله بن صالح فمن رجال
البخاري وحده، وفيه ضعف، لكنه قد توبع، فقال ابن التركماني في " الجواهر النقي
أخرجه أبو داود في " مراسيله " عن قتيبة عن الليث بالسند المذكور، وهو على شرط
الصحيح، ليس فيه إلا الإرسال
وقال الحافظ في " التلخيص " (ص 311)

رواه أبو داود في " المراسيل " من طريق ابن ثوبان ورجاله ثقات قلت: فهو ضعيف لإرساله، وقد صح موقوفاً، فأخرجه الدارقطني وعنه البيهقي من طريق عبد الله بن نمير: حدثنا عبيد الله عن نافع عن ابن عمر عن عمر قال " إذا أجيف الباب، وأرخيت الستور، فقد وجب المهر

ورجاله كلهم ثقات معروفون رجال مسلم غير علي بن عبد الله بن مبشر شيخ الدارقطني فلم أجد له ترجمة، ولكنه أخرجه وهو والبيهقي من طريق أخرى عن عمر وقرن معه البيهقي علياً رضي الله عنهما، فهو عن عمر ثابت، وله عند الدارقطني طريق أخرى عن علي وحده، فهو بها قوي أيضاً ثم أخرجه الدارقطني من طريق ابن أبي زائدة عن عبيد الله عن نافع عن ابن عمر مثله قلت: وسنده صحيح

وهو في " الموطأ " (2/65) بإسنادين منقطعين عن عمر وزيد بن ثابت وجملة القول أن الحديث ضعيف مرفوعاً، صحيح موقوفاً، ولا يقال: فالموقوف شاهد للمرفوع لأنه لا يقال بمجرد الرأي، لأمرين الأول: أنه مخالف لقوله تعالى: " وإن طلقتموهن من قبل أن تمسوهن وقد فرضتم لهن فريضة فنصف ما فرضتم.. " فهي بإطلاقها تشمل التي خلا بها، وما أحسن ما قال شريح: " لم أسمع الله تعالى ذكر في كتابه باباً ولا ستراً، إذا زعم أنه لم يمسه فلها نصف الصداق " (1)

الثاني: أنه قد صح خلافه موقوفاً، فروى الشافعي (2/325) : أخبرنا مسلم عن ابن جريج عن ليث بن أبي سليم عن طاووس عن ابن عباس رضي الله عنهما أنه قال في الرجل يتزوج المرأة فيخلوبها ولا يمسه ثم يطلقها: ليس لها إلا نصف الصداق لأن الله يقول: " وإن طلقتموهن من قبل أن تمسوهن وقد فرضتم لهن فريضة ومن طريق الشافعي رواه البيهقي (7/254)

قلت: وهذا سند ضعيف، لكن قد جاء من طريق أخرى عن طاووس، أخرجه البيهقي من طريق سعيد بن منصور: حدثنا هشيم: أنبأ الليث عن طاووس عن ابن عباس أنه

كان يقول في رجل أدخلت عليه امرأته ثم طلقها فزعم أنه لم يمسه، قال: عليه نصف الصداق

قلت: وهذا سند صحيح فبه يتقوى السند الذي قبله، والآتي بعده عن علي بن أبي طلحة، بخلاف ما نقله ابن كثير (1/288 – 289) عن البيهقي أنه قال في الطريق الأولى

وليث وإن كان غير محتج به، فقد رويناه من حديث ابن أبي طلحة عن ابن عباس، فهو مقوله

وهذا معناه أنه يرى أن الليث في رواية هشيم عنه هو ابن أبي سليم أيضا، لكن الحافظ المزي لم يذكر في ترجمة ابن أبي سليم أنه روى عنه هشيم، وإنما عن الليث عن سعد، والله أعلم

ثم أخرج البيهقي عن عبد الله بن صالح عن معاوية بن صالح عن علي بن أبي طلحة عن ابن عباس في قوله تعالى: "وإن طلقتموهن من قبل أن تمسوهن.." الآية فهو الرجل يتزوج المرأة وقد سمى لها صداقا، ثم يطلقها من قبل أن يمسه، والمس الجماع، لها نصف الصداق، وليس لها أكثر من ذلك

قلت: وهذا ضعيف منقطع، ثم روى عن الشعبي عن عبد الله بن مسعود قال لها نصف الصداق، وإن جلس بين رجلها، وقال

وفيه انقطاع بين الشعبي وابن مسعود، فإذا كانت المسألة مما اختلف فيه الصحابة، فالواجب حينئذ الرجوع إلى النص، والآية مؤيدة لما ذهب إليه ابن عباس على خلاف هذا الحديث، وهو مذهب الشافعي في "الأم" (5/215)، وهو الحق إن شاء الله تعالى

বাংলা

১০১৯। যে ব্যক্তি মহিলার ওড়না খুলে তার দিকে দৃষ্টি দিবে সে তার সাথে মিলিত হয়ে থাকুক বা না থাকুক তার উপর মোহর ওয়াজিব হয়ে যাবে।

হাদীসটি দুর্বল।

এটিকে দারাকুতনী তার “সুনান” (৪১৯) গ্রন্থে ইবনু লাহী’য়াহ সূত্রে আবুল আসওয়াদ হতে, তিনি মুহাম্মাদ ইবনু আবদির রহমান হতে, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। মুরসাল এবং ইবনু লাহীয়াহ দুর্বল হওয়ার কারণে। তার সূত্রেই হাদীসটিকে বাইহাকী মুয়াল্লাক হিসেবে (৭/২৫৬) উল্লেখ করে বলেছেনঃ এটি মুনকাতি’। তার কোন কোন বর্ণনাকারীর দ্বারা দলীল গ্রহণ করা হয় না। অর্থাৎ ইবনু লাহীয়ার দ্বারা।

বাইহাকী আব্দুল্লাহ সালেহ সূত্রে লাইস হতে, তিনি ওবায়দুল্লাহ ইবনু আবী জা’ফার হতে, তিনি সাফওয়ান ইবনু সুলাইম হতে, তিনি আব্দুল্লাহ ইবনু ইয়াযীদ হতে, তিনি মুহাম্মাদ ইবনু সাওবান হতে বর্ণনা করেছেন।

যদিও তার (ইবনু সালেহের) মধ্যে দুর্বলতা রয়েছে তবে তা মোচনযোগ্য তার মুতাবায়াত পাওয়া যাওয়ার কারণে। ইবনুত তুরকুমানী “আলজাওহারুন নাকী” গ্রন্থে বলেনঃ হাদিসটিকে আবু দাউদ তার “মারাসীল” গ্রন্থে কুতাইবাহ হতে, তিনি লায়স হতে, উক্ত সনদে বর্ণনা করেছেন। অতএব শুধুমাত্র বাকী থাকছে মুরসাল হওয়ার সমস্যা।

হাফয ইবনু হাজার “আত-তালখীস” (৩১১) গ্রন্থে বলেনঃ আবু দাউদ “আল-মারাসীল” গ্রন্থে ইবনু সাওবান সূত্রে বর্ণনা করেছেন আর তার বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি মুরসাল হওয়ার কারণে দুর্বল। তবে মওকুফ হিসেবে সহীহ। উমার (রাঃ) হতে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ “যদি দরযা বন্ধ করে দেয়া হয়, পর্দা ঝুলিয়ে দেয়া হয়, তাহলে মোহর ওয়াজিব হয়ে যাবে।”

আমি (আলবানী) বলছিঃ এর সনদটি সহীহ।

“আল-মুওয়াত্তা” (২/৬৫) গ্রন্থে দু’টি মুনকাতি’ সনদে উমার (রাঃ) ও য়ায়েদ ইবনু সাবেত (রাঃ) হতে বর্ণিত হয়েছে।

মোটকথা, মারফু হিসেবে দুর্বল, মওকুফ হিসেবে সহীহ। বলা যাবে না যে, মওকুফ মারফুর জন্য শাহেদ স্বরূপ। দু’টি কারণে শুধুমাত্র মতামত দিয়ে এরূপ বলা যাবে নাঃ

১। এটি আল্লাহ তা’আলার বাণীর বিরোধীঃ

وَإِنْ طَلَّقْتُمُوهُنَّ مِنْ قَبْلِ أَنْ تَمْسُوهُنَّ وَقَدْ فَرَضْتُمْ لَهُنَّ فَرِيضَةً فَنِصْفُ مَا فَرَضْتُمْ

অর্থঃ যদি তোমরা তাদেরকে স্পর্শ (মিলামেশা) করার পূর্বেই তালাক দিয়ে দাও এমতাবস্থায় যে তাদের জন্য মোহর নির্ধারিত করে দেয়া হয়েছে তাহলে নির্ধারিতের অর্ধেক প্রদান করতে হবে” (সূরা বাকারাহঃ ২৩৭)।

এখানে দরযা বা পর্দার কথা বলা হয়নি।

২। মওকুফ হিসেবে সহীহ বর্ণনায় তার বিপরীত মতও এসেছে। ইবনু আব্বাস (রাঃ) সেই ব্যক্তি সম্পর্কে বলেন

যে কোন মহিলাকে বিবাহ করল, তার সাথে একাকি হলো অথচ তাকে স্পর্শ না করেই তালাক দিয়ে দিল; সে নারী অর্ধেক মোহরের হকদার। কারণ আল্লাহ তা'আলা বলেছেনঃ "যদি তোমরা তাদেরকে স্পর্শ (মিলামেশা) করার পূর্বেই তালাক দিয়ে দাও এমতাবস্থায় যে তাদের জন্য মোহর নির্ধারিত করে দেয়া হয়েছে, তাহলে নির্ধারিতের অর্ধেক প্রদান করতে হবে ..." (সূরা বাকারাহঃ ২৩৭)।

এটি ইমাম শাফেঈ ও তার সূত্রে বাইহাকী (৭/২৫৪) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। কিন্তু অন্য সূত্রে বাইহাকী তাউসের মাধ্যমে ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। সেটি সহীহ। যা পূর্বের সনদটিকে শক্তিশালী করেছে।

বাইহাকী ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, আয়াতে স্পর্শ করার দ্বারা বুঝানো হয়েছে স্বামী ও স্ত্রীর মাঝে মিলামেশা হওয়া।

যখন সাহাবাদের মধ্যে এ মাসআলাতে মতভেদ হয়েছে, তখন আমাদেরকে দলীলের দিকে প্রত্যাবর্তন করতে হবে। আমরা লক্ষ্য করছি যে, আয়াত ইবনু আব্বাস (রাঃ)-এর মাযহাবকে শক্তি যোগাচ্ছে। অতএব তার মতটিই অগ্রাধিকার পাওয়ার উপযোগী। আর এটিই ইমাম শাফে'ঈর মাযহাব।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71898>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন